শক্তিরূপ হেরো, তাঁর,
আনন্দিত, অতন্দ্রিত,
ভূর্লোকে ভুবর্লোকে—
বিশ্বকাজে, চিত্তমাঝে
দিনে রাতে ।
জাগো রে জাগো জাগো
উৎসাহে উল্লাসে—
পরান বাঁধো রে মরণহরণ
পরমশক্তি-সাথে ॥
শ্রান্তি আলস বিষাদ
বিলাস দ্বিধা বিবাদ
দূর করো রে ।
চলো রে— চলো রে কল্যাণে,
চলো রে অভয়ে, চলো রে আলোকে,
চলো বলে ।
দুখ শোক পরিহরি মিলো রে নিখিলে
নিখিলনাথে ॥

---

Parjaay: Puja, Taal: Choutaal, Raag: Iman

Visit www.geetabitan.com for notation and other detail